

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর: ধবিম/হ:শা:৩/৬-৭৩/২০০৫- ৯৯৬

তারিখ: ১২ আষাঢ়, ১৪২৯
২৬ জুন, ২০২২

বিষয়: কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত হজ এজেন্সি এয়ার কানেকশন ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং-২১৮), আকরাম টাওয়ার, সুইট#০৬ (৪র্থ তলা), ১৫/৫, বিজয় নগর, ঢাকা-১০০০ এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং


০৩। যেহেতু আপনি সরকারি ব্যবস্থাপনায় ২৫০০ জন হাজীর হজে যাওয়ার ব্যবস্থা করতে পারবেন মর্মে জনৈক ব্যক্তির মাধ্যমে এ মন্ত্রণালয়ে একটি আবেদন দাখিল করেন। পরবর্তীতে অবস্থা বুঝে উক্ত আবেদনটি রিসিভ না নিয়ে প্রত্যাহার করে নিয়ে যান; এবং

০৪। যেহেতু আপনার এ ধরনের বিভ্রান্তিমূলক তথ্য সাধারণ মানুষের প্রতারণা স্বীকার হওয়ার সম্ভাবনা ছিল এবং যেহেতু আপনি ২৬.০৬.২০২২ তারিখ উপসচিব (হজ-১) কে টেলিফোনে সরকারি ব্যবস্থাপনায় অতিরিক্ত বরাদ্দকৃত ১১৫ জন হজযাত্রীই সরবরাহের প্রস্তাব করেছেন; এবং

০৫। যেহেতু আপনার এরূপ কার্যক্রম সৃষ্ট হজ ব্যবস্থাপনার অন্তরায় এবং সরকারের হজ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট নির্দেশনা উপেক্ষিত হয়েছে; যা হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর পরিপন্থী; এবং

০৬। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

০৭। সেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী আপনার কর্তৃক পরিচালিত এয়ার কানেকশন ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং-২১৮) এর জামানত বাজেয়াপ্তসহ হজ লাইসেন্স কেন বাতিল করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৬.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক

এয়ার কানেকশন ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং-২১৮)


আকরাম টাওয়ার, সুইট#০৬ (৪র্থ তলা), ১৫/৫, বিজয় নগর, ঢাকা-১০০০

নম্বর: ধবিম/হ:শা:৩/৬-৭৩/২০০৫- ৯৯৬

তারিখ: ২৬.০৬.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।


২৬.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব